



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/সংস্থা/দাখিল-১৭/ ১৯

তারিখঃ ৩১/০১/২০১৭খ্রিঃ

**বিষয় :** জাতীয় মনিটরিং এবং আইন শৃঙ্খলা সংক্রান্ত কমিটির সিদ্ধান্ত মোতাবেক “সম্পূর্ণ সুষ্ঠু, নকলমুক্ত ও ইতিবাচক পরিবেশে আসন্ন দাখিল পরীক্ষা-২০১৭ গ্রহণ” কর্মসূচি সফল করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, জাতীয় মনিটরিং এবং আইন শৃঙ্খলা সংক্রান্ত কমিটির সিদ্ধান্ত মোতাবেক “সম্পূর্ণ সুষ্ঠু, নকলমুক্ত ও ইতিবাচক পরিবেশে আসন্ন দাখিল পরীক্ষা-২০১৭ গ্রহণ” কর্মসূচি সফল করার লক্ষ্যে সম্ভাব্য সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বোর্ড কর্তৃপক্ষকে নির্দেশ দেয়া হয়েছে।

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড সমগ্র বাংলাদেশে একটি মাত্র শিক্ষা বোর্ড। সম্পূর্ণ সুষ্ঠু, নকলমুক্ত ও ইতিবাচক পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে দাখিল পরীক্ষা-২০১৭ কেন্দ্রসমূহ সার্বক্ষণিক পরিদর্শন প্রয়োজন। এক্ষেত্রে আপনার বোর্ডের পরীক্ষা কেন্দ্র পরিদর্শনের জন্য গঠিত ভিজিটেশন টীম এর সদস্যদের দ্বারা আপনার আওতাধীন জেলা ও উপজেলাসমূহের দাখিল পরীক্ষা-২০১৭ কেন্দ্রসমূহ পরিদর্শনের মাধ্যমে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডকে সহযোগিতা করার জন্য অনুরোধ করছি।

বর্ণিত অবস্থায় এ বিষয়ে আপনার প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/যশোর/কুমিল্লা/বরিশাল/সিলেট ও দিনাজপুর।

নং- বামাশিবো/সংস্থা/দাখিল-১৭/ ১৯(৪)

তারিখঃ ৩১/০১/২০১৭খ্রিঃ

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :**

১. মাননীয় শিক্ষা মন্ত্রীর একান্ত সচিব (যুগ্ম সচিব), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক (সকল)।
৩. মাননীয় শিক্ষা সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬৭৪৮৭৪